দৈনিক জনকণ্ঠ

তারিখ 06 MAY 1994
পৃষ্ঠা ৬ কলাম ৬

116

# লৌহজংয়ে ২৪ এসএসসি পরীক্ষার্থীর ভবিষ্যত অনিশ্চিত

লৌহজং (মুন্সীগঞ্জ) থেকে মোঃ রোকনুজ্জামান খান দিলু ঃ লৌহজং থানার মেদেনী মণ্ডল আনোয়ার চৌধুরী বালিকা উচ্চ বিদ্যালয়ের ২৪ জন পরীক্ষার্থী চলতি এসএসসি পরীক্ষায় প্রবেশপত্র না আসায় অংশ নিতে পারেনি। ফলে এই ২৪ জন পরীক্ষার্থীর ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়েছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক প্রবেশপত্র না আসার পর থেকেই পলাতক রয়েছে। প্রবেশপত্র না আসার কারণ জানা যায়নি। অভিভাবক মহলের অভিমত, প্রধান শিক্ষক হয়তবা প্রয়োজনীয় কাগজপত্র বোর্ড অফিসে জমা দেয়নি। উল্লেখ্য, দু'বছর পূর্বে উচ্চ বিদ্যালয় হিসাবে মানোন্নীত হওয়ার পর এ বছর এসএসসি পরীক্ষা দেয়ার সুযোগ লাভ করে।

অভিভাবকরা জানান, বিদ্যালয়ের বর্তমান পরিচালনা কমিটির খামখেয়ালিপনার কারণেও এ ঘটনা ঘটতে পারে। কেননা, ম্যানেজিং কমিটির চেয়ারম্যান হচ্ছেন ম্যাট্রিক পাস। বাকি সবাই অশিক্ষিত ও কৃষি কাজ নিয়ে ব্যস্ত। ফলে তারা সুষ্ঠুভাবে বিদ্যালয়টি পরিচালনা করতে পারছে না। তারা অবিলম্বে নতুন করে ম্যানেজিং কমিটি নির্বাচনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন।